




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমবায় কার্যালয়  
খোকসা, কুষ্টিয়া

## প্রশিক্ষণের প্রতিবেদন

উপজেলা সমবায় কার্যালয়, খোকসা, কুষ্টিয়া আওতাধীন সমবায় সংগঠনের সক্ষমতা বৃদ্ধি ও মানব সম্পদ উন্নয়নের আওতায় ড্রামামা প্রশিক্ষণের বার্ষিক লক্ষ্যমাত্রা ৫০ জন ( পুরুষ-৩৮ জন, মহিলা-১২ জন)। অর্থাৎ ০৪/০১/২০২৬ খ্রি: তারিখে খোকসা উপজেলা পরিষদের হল রুমে সমিতি ব্যবস্থাপনা বিষয়ে ০১ (এক) দিনের ড্রামামা প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত ড্রামামা প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী হিসেবে ১৩টি সমিতির ২৫ জন ( পুরুষ-১৯ জন ,মহিলা-৬ জন) প্রশিক্ষণার্থী উপস্থিত ছিলেন। উক্ত প্রশিক্ষণ কোর্সে বাজেট ছিল ৩০,০০০ (ত্রিশ) হাজার টাকা। যা প্রশিক্ষণার্থীদের খাতা, কলম, ফাইল ফোল্ডার, নাস্তা, সম্মানী, দুপুরের খাবার ও অতিথি বক্তার সম্মানী ব্যবদ খরচ করা হয়। ১ম অতিথি বক্তা হিসাবে উপস্থিত ছিলেন জনাব মোঃ মাহমাদুল হাসান, উপজেলা নির্বাহী অফিসার, খোকসা, কুষ্টিয়া উপস্থিত থেকে বাংলাদেশ সরকার কর্তৃক গৃহীত গুরুত্বপূর্ণ বিষয় ও বর্তমান প্রকল্পের আলোকে আলোচনা করেন। ২য় অতিথি বক্তা জনাব মোঃ আনিছুর রহমান, উপ-সহকারী নিবন্ধক, উপজেলা সমবায় কার্যালয়, কুষ্টিয়া। উপস্থিত থেকে সমবায় আন্দোলনের উৎপত্তি, ইতিহাস ও সমবায়ের মূলনীতি এবং দেশের সমবায়ের ইতিহাস ও সাফল্য বিষয় তুলে ধরেন। ৩য় অতিথি বক্তা হিসেবে জনাব মোহাঃ বজলুর রহমান, উপজেলা সমবায় কর্মকর্তা, খোকসা, কুষ্টিয়া। তিনি ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব ও কার্যাবলী, ব্যবস্থাপনা কমিটির ক্ষমতা, ব্যবস্থাপনা কমিটির সদস্যদের বিলুপ্ত, অপসারণ ও বহিষ্কার, ও মহাপরিচালক মহোদয়ের সর্বশেষ নির্দেশনা, ব্যবস্থাপনা কমিটির সদস্য হওয়ার যোগ্যতা ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব ও কার্যাবলী ব্যবস্থাপনা কমিটির সদস্যদের বিলুপ্তি অপসারণ ও বহিষ্কার বিষয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করেন। ৪র্থ অতিথি বক্তা হিসেবে জনাব মোঃ গোলাম আওয়াল, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, খোকসা, কুষ্টিয়া উপস্থিত ছিলেন। সমবায় সমিতির সভাসমূহ (বার্ষিক/বিশেষ সাধারণ সভা, ব্যবস্থাপনা কমিটির সভা, মূলতর্কী ও তলবী সভা) ও কার্য বিবরণী। বিষয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করেন এবং ৫ম অতিথি বক্তা হিসেবে জনাব মোহাঃ বিউটি খাতুন, সভাপতি(বিশিষ্ট সমবায়ী), আবাস সার্বিক উন্নয়ন উন্নয়ন সমবায় সমিতি লিঃ, ভবানীগঞ্জ, খোকসা, কুষ্টিয়া উপস্থিত থেকে সমবায় সমিতির আমানত ঋণ ব্যবস্থাপনা ও সমবায় সমিতির বিনিয়োগ ব্যবস্থাপনা আলোকপাত করেন।

  
মোহাঃ বজলুর রহমান

উপজেলা সমবায় অফিসার  
খোকসা, কুষ্টিয়া।